**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকলের ZINC 8 এনার্জি সলিউশনের ঘোষণা, একটি দীর্ঘ-মেয়াদী শক্তি স্টোরেজের লিডার, আলস্টার কাউন্টিতে তার প্রথম বাণিজ্যিক উৎপাদনকারী কেন্দ্র এবং আমেরিকান সদর দপ্তরের স্থান নির্ধারণ করবে

***কোম্পানি মধ্য-হাডসন অঞ্চলে একটি 5-বছরের মেয়াদে 68 মিলিয়ন ডলার বিনিয়োগ পরিকল্পনার মধ্য দিয়ে 500 চাকরির ব্যবস্থা করবে এবং পরিবেশগতভাবে এবং অর্থনৈতিকভাবে অনুকূল জিঙ্ক-বাষ্পে দীর্ঘস্থায়ী শক্তি সঞ্চয়ের সিস্টেমগুলো তৈরি করবে***

***নতুন 100 মিলিয়ন ডলারের iPark 87 বিজনেস পার্কের অ্যাঙ্কর ভাড়াটিয়া তিন-দশকের-খালি IBM সাইটটিকে একটি অর্থনৈতিক বৃদ্ধির ইঞ্জিনের রূপান্তরিত করবে***

***এক্সপ্যানশন ইন নিউ ইয়র্ক গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের জন্য গভর্নর হোকলের সাহসী পরিবেশগত এজেন্ডাকে পরিপূরক করে***

গভর্নর ক্যাথি হোকল আজ Zinc8 এনার্জি সলিউশনের ঘোষণা করেন, USA-এর দীর্ঘস্থায়ী শক্তি সংরক্ষণের ইন্ডাস্ট্রিতে এক লিডার, যা নিজের 68 মিলিয়ন ডলারের উৎপাদনকারী কেন্দ্র এবং মার্কিন সদর দপ্তরগুলোর স্থান প্রাক্তন টেক সিটি হিসাবে পরিচিত আলস্টার কাউন্টির কিংস্টোনে, IBM আলস্টার ক্যাম্পাসে নির্ধারণ করবে, যা বর্তমানে iPark 87 বিজনেস পার্ক নামে পরিচিত। Zinc8 এনার্জি সলিউশন উদ্যোগমূলক ব্যাটারি প্রযুক্তি তৈরি করে যা জিন এবং বাষ্পকে জ্বালানী হিসাবে ব্যবহার করে। Zinc8, 500টি পর্যন্ত চাকরি তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ যা সবুজ অর্থনীতির বৃদ্ধি, গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় একটি জাতীয় নেতা হওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টার পরিপূরক। আলস্টার কাউন্টিতে কোম্পানির অবস্থান 2030 সালের মধ্যে স্টেটের একটি জাতীয়-নেতৃস্থানীয় ছয় গিগাওয়াট শক্তি সংরক্ষণের স্থান অর্জনের জন্য গভর্নর হোকলের সদ্য ঘোষিত কাঠামোকে সমর্থন করে।

" ভালো চাকরিগুলি তৈরি করলে তা আমাদের সন্তান এবং তাদের সন্তানদের জন্য আরও সবুজ, আরও স্থিতিশীল নিউ ইয়র্কের দিকে পথ সুগম করবে, যা শুধু আমাদের অর্থনীতির জন্য সুবিধাজনক হবে না, সাথে এটি আমাদের পৃথিবীর জন্য সঠিক পদক্ষেপ হবে," **বলেন গভর্নর হোকল।** "Zinc8' এর কাটিং এডজ, পরিচ্ছন্ন শক্তি সংরক্ষণের প্রযুক্তি হল আরেকটি টুল যা

জলবায়ু প্রসঙ্গে আমাদের সাহসী এজেন্ডা অর্জনের সুযোগ দেবে এবং সবুজ অর্থনীতিকে উন্নত করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটকে এক নেতা হিসাবে ধরে রাখবে।"

Zinc8 এনার্জি সলিউশন (Zinc8) অ্যাঙ্কর টেনান্ট হওয়ার অভিপ্রায়ে একটি চিঠি জমা দিয়েছে এবং iPark 87-এ প্রায় 237,000 বর্গফুটের গুদাম এবং বাইরের জায়গা লীজ নিয়েছে, যা ন্যাশনাল রিসোর্সের (National Resources) মালিকানাধীন। Zinc8 এই জায়গাটিকে অটোমেট করতে এবং গড়ে তুলতে 5 বছর ধরে প্রায় 68 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করবে, যাতে অঞ্চলটিতে Zinc8 এর মার্কিন সদর দপ্তর এবং উৎপাদনশীল কার্যকলাপ, গবেষণা এবং উন্নয়নের একটি প্রধান কেন্দ্র হয়ে ওঠে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) 500 চাকরি তৈরিতে উৎসাহ যোগাতে এবং সমর্থন করতে পারফরম্যান্স-ভিত্তিক গ্রীন এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিটে (Green Excelsior Jobs Tax Credits) 9 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করতে সম্মত হয়েছে।

এই নতুন 100 মিলিয়ন ডলারের iPark 87 বিজনেস পার্কটি একটি মিশ্র-ব্যবহারের ক্যাম্পাস হিসাবে ব্যবহৃত হবে, যেখানে 30 বছরের অচলাবস্থার পরে প্রাক্তন IBM সাইটটি রূপান্তরিত হবে এবং প্রাক্তন TechCity-কে একটি উদ্যোগমূলক কেন্দ্র হিসাবে স্থাপন করা হবে। iPark 87-এর পরিকল্পনার অংশ হিসাবে একটি 600-ইউনিটের নেট-জিরো কার্বন ফুটপ্রিন্ট কমিউনিটি তৈরি করার কথা আছে, যা 100 শতাংশ পুনরাবৃত্তিমূলক শক্তি দ্বারা ক্ষমতাপ্রাপ্ত এবং সম্পূর্ণভাবে স্থিতিশীল বিল্ডিংয়ের উপকরণ দ্বারা গঠিত। বিজনেস পার্কটিতে জনসাধারণের একাধিক সুযোগ-সুবিধাও অন্তর্ভুক্ত থাকবে যেমন পকেট পার্ক, বাইক এবং হাঁটার পথ এবং একটি সুস্থতা ও আর্ট সেন্টার। চাকরি তৈরির লক্ষ্যগুলি শনাক্ত করে, ক্যাম্পাস এবং আশেপাশের চত্বরের জন্য অর্থনৈতিক সমৃদ্ধি এবং স্থিতিশীলতায়, ESD আপস্টেট পুনরুৎজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মধ্য দিয়ে বিজনেস পার্কের উন্নয়নে 8 মিলিয়ন ডলারের অনুদান দিয়ে সমর্থন করে।

Zinc8 হল ইউটিলিটি, বাণিজ্যিক এবং ইন্ডাস্ট্রিয়াল ফেসিলিটি এবং রিমোট মাইক্রোগ্রিডগুলির জন্য জিঙ্ক-বাষ্পে দীর্ঘস্থায়ী শক্তি সঞ্চয়ের সিস্টেমের একটি নেতৃস্থানীয় প্রযুক্তি ডেভেলপার এবং উৎপাদনকারী। কোম্পানিটির লক্ষ্য হল পরিবেশগতভাবে এবং অর্থনৈতিকভাবে অনুকূল মাস স্টোরেজ সিস্টেমের মধ্য দিয়ে স্থিতিশীল, নিরাপদ এবং স্থিতিস্থাপক শক্তির উৎসগুলিতে বিশ্বের ট্রানজিশন ত্বরান্বিত করা, যাতে সাশ্রয়ী, বিশ্বাসযোগ্য এবং সহজে পরিচ্ছন্ন শক্তি তৈরি করা যায়।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন,** "Zinc8 দুনিয়াকে আরও স্থিতিশীল, নিরাপদ এবং স্থিতিস্থাপক শক্তির উৎসগুলিতে রূপান্তরের জন্য সম্পূর্ণভাবে অঙ্গীকারবদ্ধ এবং আমরা রোমাঞ্চিত যে নিউ ইয়র্ক স্টেট এই প্রক্রিয়ায় এক অবিচ্ছেদ্য অংশ হিসাবে ভূমিকা পালন করবে। ESD স্টেটের সবুজ অর্থনীতি সম্প্রসারণে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য ভালো চাকরির সংস্থান করতে অঙ্গীকারবদ্ধ এবং মধ্য- হাডসন অঞ্চলে Zinc8-এর পদক্ষেপ সঠিক অভিমুখেই একটি ইতিবাচক পদক্ষেপ।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট জাস্টিন ই. ড্রিসকোল বলেন,** "NYPA 2019 সালে Zinc8-এর সম্ভাবনা শনাক্ত করেছিল, যখন আমাদের নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির উদ্যোগমূলক চ্যালেঞ্জে তাদের নোভেল এনার্জি স্টোরেজ প্রযুক্তির প্রোটোটাইপ তারা জমা দিয়েছিল। সেই সময় থেকেই, Zinc8 নিজেদের অংশীদারীত্ব নিউ ইয়র্ক স্টেটের সাথে সম্প্রসারণ করে চলেছে এবং এখন তাদের মার্কিন সদর দপ্তরগুলি এখানে স্থাপন করছে। আলস্টার কাউন্টিতে Zinc8 এর সমৃদ্ধি প্রায় 500 চাকরি তৈরি করবে, সাথে, পরিচ্ছন্ন শক্তি সম্পর্কিত অর্থনীতি ক্ষেত্রে উৎসাহদানে এক জাতীয় নেতৃত্ব হিসাবে নিউ ইয়র্কের অবস্থান আরও এগিয়ে দেবে।"

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অথোরিটি-র প্রেসিডেন্ট এবং CEO ডোরিন এম. হ্যারিস বলেন,** "স্টেটের বর্ধনশীল সবুজ অর্থনীতিতে দীর্ঘস্থায়ী শক্তি স্টোরেজের উৎপাদনশীলতাকে নিয়ে এসে, Zinc8 ব্যাটারি প্রযুক্তির পরবর্তী সীমাকে অগ্রসর করছে যা নিউ ইয়র্কবাসীকে নবায়নযোগ্য শক্তি অ্যাক্সেসে সাহায্য করবে, যখন তাদের সেটি সবচেয়ে বেশি প্রয়োজন। এই নতুন ফেসিলিটি শুধু Zinc8-এর পণ্য বাজারের বিকাশই উন্নত করবে না—সাথে এটি স্থানীয় ভালো-বেতনের চাকরিও তৈরি করবে, আমাদের উদ্যোগমূলক সাপ্লাই চেইন বাড়াবে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে লড়াই করার জন্য আরেকটি টুল হিসাবে ব্যবহৃত হবে।"

**নিউ ইয়র্ক স্টেটের জনসেবা বিভাগের প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন,** "গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের শক্তি সংরক্ষণাগার বিকাশের একজন মুখ্য সমর্থক এবং সেই সমর্থনের প্রত্যক্ষ ফলাফল হিসাবেই Zinc8 নিউ ইয়র্কে তাদের সদর দপ্তরগুলি স্থাপন করার সিদ্ধান্ত নেওয়ার দিকে এগোয়। এই রকম কৌশলী সিদ্ধান্তগুলিই একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে আমাদের স্থানান্তর গতিশীল করতে সাহায্য করে এবং আমাদের অতি গুরুত্বপূর্ণ জলবায়ু লক্ষ্য পূরণ করে।"

Zinc8 এর প্রযুক্তি অ্যানোড জ্বালানী হিসাবে জিঙ্কের ব্যবহার ঘিরে তৈরি হয়েছে, নিজের অতি শক্তিশালী ঘনত্ব, প্রচুর উপলভ্যতা, কম খরচ এবং সঞ্চয় ও পরিচালনা সহজ হওয়ার কারণে যা অন্যান্য ধাতুর ক্ষেত্রেও সুবিধা দেবে বলে আশা করা হয়। যখন সিস্টেম পাওয়ার সরবরাহ করে, তখন জিঙ্কের কণা আশেপাশের বাতাস টেনে অক্সিজেনের সাথে সম্মিলিত নয়। যখন সিস্টেটমটি রিচার্জ হয়, তখন জিঙ্কের কণা পুনরায় জেনারেট হয় এবং অক্সিজেন চারপাশের বাতাসে ফিরে যায়। পুনর্জন্মমূলক সিস্টেমটির জ্বালানী প্রতিস্থাপনের প্রয়োজন হয় না এবং অতিরিক্ত জ্বালানী ট্যাঙ্কের সহজ ভূমিকার মধ্য দিয়ে মাত্রাযোগ্য শক্তি ধারণের ক্ষমতা অফার করে।

Zinc8 নিউ ইয়র্ক পাওয়ার অথওরিটির পরিচ্ছন্ন শক্তির উদ্যোগমূলক চ্যালেঞ্জের মধ্য দিয়ে 2019 সালে প্রথম নিউ ইয়র্ক স্টেটের সাথে সংযুক্ত হয়েছিল, যা স্টেটের শক্তি সম্পর্কিত প্রতিবন্ধকতাগুলির সমাধানে নতুন প্রযুক্তি এবং ব্যবসার মডেল খুঁজছিল।
Zinc8 চ্যালেঞ্জটি জেতে এবং তার নভেল জিঙ্ক-বাষ্পের শক্তি সঞ্চয়ের সিস্টেমের প্রথম ব্যবহারের উন্নয়ন পথে আরোহণ শুরু করে, যার প্রথম পর্যায় এই বছরের লাইভ হতে চলেছে। চ্যালেঞ্জটির বিজয়ী হিসাবে, বাফেলোর ইউনিভার্সিটির SUNY ফ্ল্যাগশিপে একটি 100

কিলোওয়াট/1 মেগাওয়াট-ঘণ্টা (kW/MWh) সিস্টেম ইনস্টল করার জন্য Zinc8 নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (NYPA) সাথে একটি চুক্তিকে আবদ্ধ হয়, যাতে ক্যাম্পাসের স্থিতিস্থাপকতা বাড়ানো যায় এবং শক্তি সঞ্চয়ের প্রযুক্তি উন্নত করা যায়।

উপরন্তু, ডিজিটাল এনার্জি কর্পো. এর সাথে Zinc8 একটি উন্নয়নমূলক চুক্তির ঘোষণা করে, যা হল একটি 100-kW/1.5-MWh শক্তি সঞ্চয় সিস্টেমের জন্য নিউ ইয়র্ক স্টেটের একটি বেসরকারি সেক্টর। প্রকল্পটি নিউ ইয়র্ক সিটিতে বিদ্যমান এবং বিহাইন্ড-দ্য-মিটার কম্বাইন্ড হিট অ্যান্ড পাওয়ার (CHP) প্ল্যান্টে Zinc8-এর শক্তি সঞ্চয় সিস্টেমের সুবিধা এবং অর্থনৈতিক মূল্য ব্যাখ্যা করে। প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (NYSERDA)-র থেকে আর্থিক সমর্থনে পুরস্কৃত হয়েছে।

2022 এর PropTech চ্যালেঞ্জে শক্তি সঞ্চয় বিভাগে Zinc8-এরও নাম ছিল "বেস্ট-ইন-ক্লাস" সলিউশন, যা পরিবেশ গড়ে তোলার প্রক্রিয়া জুড়ে নির্গমন কমাতে স্থিতিশীল বিকাশ এবং রিয়েল এস্টেট ইন্ডাস্ট্রি দ্বারা চলমান প্রচেষ্টার প্রতি নজর রাখে।

**সেনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস স্ক্যামার বলেন,** "যখন কথা হয় অ্যাসবেসটাস-জর্জরিত প্রাক্তন টেক সিটির সাইটই নিয়ে, তাহলে আমরা জানি: যদি আমরা এটি পরিষ্কার করি, তাহলে তারা আসবে। আর Zinc8 এর 500 ভালো-বেতনের চাকরি আর 68 মিলিয়ন ডলারের কাটিং-এডজ উৎপাদনের বিনিয়োগ ইতিবাচক প্রমাণ যে আপনি যখন জলবায়ু পরিবর্তনের লড়াইয়ে বিনিয়োগ করেন, তখন আপনিও ভালো-বেতনের চাকরি, নতুন অর্থনৈতিক বৃদ্ধি এবং আমাদের কমিউনিটিগুলির জন্য আরও উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে পারেন," বলেন সেনেটর স্ক্যামার। "আমি Zinc8-কে আলস্টার কাউন্টিতে তাদের প্রতিশ্রুতির জন্য এবং গভর্নর হোকলকে প্রকল্পটিতে তাঁর সমর্থনের জন্য সাধুবাদ জানাই এবং একটি গ্লোবাল ব্যাটারি উৎপাদনের হাব হিসাবে নিউ ইয়র্কের নেতৃত্বে ক্ষমতায়ণে একসঙ্গে কাজ করে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছি।"

**প্রতিনিধি প্যাট রায়ন বলেন,** "এটি একটি বিশাল জয়, শুধু আলস্টার কাউন্ট এবং হাডসন ভ্যালির জন্যই নয়, সমগ্র স্টেট অফ নিউ ইয়র্কের জন্য। আমি কাউন্টির কার্যনির্বাহী হিসাবে আমার প্রথম দিন থেকে iPark 87-কে ঘুরে দাড়ানোর জন্য গর্বের সাথে লড়াই করেছি এবং ন্যাশনাল রিসোর্স, EPA, গভর্নর হোকল এবং সেনেটর স্ক্যামারের সাথে এই গুরুত্বপূর্ণ সাইটটিকে পুনরুৎজ্জীবিত করতে তুলতে দায়িত্ব তুলে নিয়েছি। Zinc8-এর ম্যানুফ্যাকচারিং ফেসিলিটি অঞ্চলটিতে কয়েকশো ভালো-বেতনের, সবুজ চাকরির ব্যবস্থা করবে, এবং ভবিষ্যতের কয়েক দশকের জন্য হাডসন ভ্যালি নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক বিকাশের একবারে পুরোভাগে থাকবে বলে একটি বার্তাও পাঠায় ।"

**আলস্টার কাউন্টির কার্যনির্বাহী আধিকারিক জেন মেটজগার বলেন,** "যখন আমি স্টেট সেনেটে চাকরি করতাম এবং নিউ ইয়র্কের জাতীয়-নেতৃস্থানীয় জলবায়ুর আইন পাশ করার ব্যাপারে কাজ করতাম, তখন আমি প্রায়ই আমাদের কমিউনিটিতে অর্থনৈতিক সুবিধার তাৎপর্য নিয়ে কথা বলতাম যা আমাদের আইন প্রতিজ্ঞা করে। Zinc8-এর মতো কোম্পানিগুলি আলস্টারে আসার ফলে আমরা এখন এই আইন বাস্তবায়ন হওয়ার পরিণতি দেখছি: কাটিং এডজ ইন্ডাস্ট্রিগুলিতে পরিবার-বজায় রাখার চাকরি তৈরি যা মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে একটি

ক্রমোন্নতির সিঁড়ি গড়ে তোলে। আমি গভর্নর হোকলকে আলস্টার কাউন্টিতে সঠিক ধরনের বিনিয়োগের সমর্থনে তাঁর দূরদর্শী নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই এবং এই বিনিয়োগ পরিপূরণ করতে এবং সবুজ অর্থনীতির জন্য আমাদের প্রয়োজনীয় প্রশিক্ষিত শ্রমিকদল প্রদান করতে কার্যশক্তি বিকাশের উদ্যোগে তাঁর প্রশাসনের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে রয়েছি।"

**Zinc8 এনার্জি সলিউশন এর প্রেসিডেন্ট, CEO এবং ডিরেক্টর রন ম্যাকডোনাল্ড বলেন,** "উচ্চাভিলাষী কার্বন নিউট্রালিটির লক্ষ্যে পৌঁছানোর জন্য নিউ ইয়র্ক স্টেটের গ্রহণ করা ঐতিহাসিক ব্যবস্থাপনাগুলি পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ পরিচালনা করছে এবং Zinc8 নিউ ইয়র্কের সবুজ অর্থনীতির এক অবিচ্ছেদ্য অংশ হওয়ার জন্য অঙ্গীকারবদ্ধ। নিউ ইয়র্কবাসীদের জন্য বিনিয়োগের সুযোগ এবং স্থিতিশীল চাকরি গড়ে তোলার পাশাপাশি জলবায়ুর সংকট সমাধানে আইন প্রয়োগে এবং স্টেটের সংস্থান ব্যবহারে গভর্নর হোকলের স্পষ্ট নির্দেশনায় আমরা সাধুবাদ জানাই।"

**ন্যাশনাল রিসোর্স-এর সহ-প্রতিষ্ঠাতা জোসেফ কটার বলেন,** "i.Park 87 এবং থিংক ডিস্ট্রিক্ট এই প্রাক্তন IBM ক্যাম্পাসকে একটি প্রাণবন্ত নতুন কমিউনিটিতে সম্পূর্ণভাবে রুপান্তরিত করার একটি সুযোগ উপস্থাপন করে যা আলস্টার কাউন্টির জন্য উদ্ভাবন, স্থিতিশীলতা এবং ভবিষ্যতের জনজীবনের প্রতি নজর দেয়। এই সম্পত্তির মধ্যে থাকা প্রতিবন্ধকতাগুলির কথা মাথায় আছে বলেই, iPark এখানে এম্পায়ার স্টেট ডেপেলপমেন্ট এবং গভর্নরের মজবুত সমর্থন ব্যতীত থাকতে পারতে না।"

মধ্য-হাডসনে Zinc8-এর এই বিনিয়োগ গভর্নর হোকলের 2023 সালের ক্লিন এনার্জি এজেন্ডাকে পরিপূরক করে। গভর্নর হোকলের নেতৃত্বে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই, পরিচ্ছন্ন জল এবং আমাদের প্রাকৃতিক পরিবেশ রক্ষা করা, পরিবেশগত ন্যায়বিচার প্রচার করা এবং সবুজ অর্থনীতিকে এগিয়ে নেওয়ার জন্য দেশের সবচেয়ে আক্রমনাত্মক নীতিগুলিকে অগ্রসর করেছে।

তার 2023 স্টেট অফ দ্য স্টেটে গভর্নর হোকল গুরুত্বপূর্ণ উদ্যোগগুলির প্রস্তাব করছেন যা সকল নিউ ইয়র্কবাসীদের জীবনে পরিবর্তন আনবে। ক্যাপ-অ্যান্ড-ইনভেস্ট প্রোগ্রাম, যা গত সপ্তাহে উন্মোচন করা হয়েছিল, একটি অর্থনীতিব্যাপী ক্যাপ-এন্ড-ইনভেস্ট প্রোগ্রাম তৈরি করবে যা গ্রীনহাউস গ্যাস নির্গমনের উপর একটি ক্রমহ্রাসমান ক্যাপ স্থাপন করে, এমন প্রোগ্রামগুলিতে বিনিয়োগ করবে যা সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে অগ্রাধিকার দিয়ে ন্যায়সঙ্গতভাবে নির্গমন হ্রাস চালায়, অর্থনৈতিকভাবে দুর্বল পরিবারগুলির জন্য খরচ সীমিত করে এবং নিউ ইয়র্ক শিল্পের প্রতিযোগিতামূলকতা বজায় রাখে। এছাড়াও, গভর্নর হোকল একটি সার্বজনীন জলবায়ু অ্যাকশন রিবেট তৈরির জন্য আইনের প্রস্তাব করবেন যা প্রতি বছর নিউ ইয়র্কবাসীদের জন্য ভবিষ্যতের ক্যাপ-অ্যান্ড-ইনভেস্ট আয়ের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি চালাবে বলে আশা করা হচ্ছে।

উপরন্তু, গভর্নর হোকল 2030 সালের মধ্যে দেশের শীর্ষস্থানীয় ছয় গিগাওয়াট বিদ্যুৎ, যা নিউ ইয়র্ক স্টেটের কম পক্ষে 20 শতাংশ চূড়ান্ত বিদ্যুতের প্রতিনিধিত্ব করবে, তা অর্জন করতে স্টেটের জন্য একটি নতুন ফ্রেমওয়ার্ক বর্ণনা করলেন। জনসেবা কমিশনের (Public Service

Commission, PSC) কাছে বিবেচনার জন্য নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং নিউ ইয়র্ক স্টেটের জনসেবা বিভাগের (New York State Department of Public Service, DPS) জমাকৃত রোডম্যাপটি স্টেটের সফল শক্তি সংরক্ষণাগার কর্মসূচি সম্প্রসারিত করার একটি সার্বিক সুপারিশের সেট প্রস্তাব করে যাতে স্টেটব্যাপী নবায়নযোগ্য শক্তির দ্রুত প্রবৃদ্ধির সাশ্রয়ী উপায় উন্মোচন করা যায় এবং গ্রিডের নির্ভরযোগ্যতা ও গ্রাহকের স্থিতিস্থাপকতা বলিষ্ঠ করা যায়। অনুমোদিত হলে, সংরক্ষণাগার সক্রিয় করা ভবিষ্যতের স্টেটব্যাপী অনুমিত বিদ্যুৎ ব্যবস্থার খরচ প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার হ্রাস করবে বলে আশা করা যাচ্ছে, পাশাপাশি ক্ষতিকর জীবাশ্ম জ্বালানি দশকের সংস্পর্শে কম আসার কারণে উন্নত জনস্বাস্থ্যের রূপে আরো সুবিধা নিয়ে আসবে। আজকের ঘোষণাটি 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে তৈরি এবং 2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত বিদ্যুৎ পাওয়ার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সংরক্ষণ আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যসমূহকে সমর্থন করে।

নিউ ইয়র্কের নিজস্ব সবুজ বিনিয়োগের পাশাপাশি ফেডারেল ইনফ্লেশন রিডাকশন অ্যাক্ট (Inflation Reduction Act, IRA) রাজ্য জুড়ে ইতিমধ্যে প্রতিশ্রুতিবদ্ধ রাজ্য এবং ব্যক্তিগত বিনিয়োগগুলির সুবিধা নেওয়ার জন্য অসাধারণ সুযোগ প্রদান করে৷ IRA 2050 সালের মধ্যে জলবায়ু আইনের প্রয়োজনীয়তাগুলিকে প্রায় 70 বিলিয়ন ডলারে মেটাতে সাহায্য করার জন্য নিউ ইয়র্কের খরচ কমিয়ে দেবে এবং ভোক্তাদের শক্তির খরচ কমাতে, কার্বন নির্গমন এবং দূষণ কমাতে, শক্তির সুরক্ষা এবং স্থিতিস্থাপকতা নিশ্চিত করতে, শক্তির উদ্ভাবন এবং গার্হস্থ্য উৎপাদন বৃদ্ধিতে এবং পরিবেশগত ন্যায়বিচার এগিয়ে নিয়ে যেতে অভূতপূর্ব অর্থায়ন প্রদান করবে বলে আশা করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) (ক্লাইমেট অ্যাক্ট (Climate Act)) এর মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নির্গমনমুক্ত বিদ্যুৎ খাতে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে, 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনসহ ও অর্থনীতিতে বিস্তৃত কার্বন নিরপেক্ষতা অর্জনের পথে রয়েছে। এটি নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের উপর গড়ে ওঠে যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 91টি বড় আকারের নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি, ভবন নির্গমন হ্রাস করতে 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর শক্তি বাড়ানোর জন্য 1.8 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি এবং NY গ্রিন ব্যাংক (NY Green Bank) এর প্রতিশ্রুতিতে 1.2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি।

জলবায়ু আইন কার্যকর হলে পরিচ্ছন্ন শক্তির কর্মীবাহিনীর চাহিদা থাকবে। একটি 2021 চাকরির অধ্যয়ন থেকে ফলাফল নিউ ইয়র্ক স্টেট ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের জাস্ট ট্রানজিশন ওয়ার্কিং গ্রুপ (New York State Climate Action Council's Just Transition Working Group)

দ্বারা জারি করা, দেখায় যে 21টি ক্রমবর্ধমান সাব-সেক্টরে 2019 থেকে 2030 পর্যন্ত মোট কর্মসংস্থান 60 শতাংশের বেশি বৃদ্ধি পাবে যা নিউ ইয়র্ক স্টেটে কমপক্ষে 211,000টি নতুন চাকরি যোগ করবে। উপরন্তু, নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন শক্তির চাকরি 2021 সালের শেষের দিকে 165,000 জন কর্মীদের রেকর্ড স্তরে পৌঁছেছে, যা 2020 সালে হারিয়ে যাওয়া পরিচ্ছন্ন শক্তির চাকরি পুনরুদ্ধার করে এবং প্রাক-কোভিড-19 পরিচ্ছন্ন শক্তির কর্মসংস্থানের স্তর 1,300 চাকরির দ্বারা ছাড়িয়ে গিয়ে নিউ ইয়র্কের কোভিড-19 অর্থনৈতিক পুনরুদ্ধারে নেতৃত্ব দেয়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418